# ভূঞাপুর উপজেলা পরিষদের এপ্রিল/ ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোছাঃ পপি খাতুন
প্রশাসক
উপজেলা পরিষদ
ভূঞাপুর, টাঙ্গাইল

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, ভূঞাপুর, টাঙ্গাইল

তারিখ ও সময় ঃ ২৯-০৪-২০২৫খ্রি., বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা ঃ পরিশিষ্ট " ক "

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুরকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর সকল বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করে আইন-কানুন/ দিকনির্দেশনা বিবেচনা করে সভায় বক্তব্য রাখার অনুরোধ জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করেন। সভা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | সভার শুরুতে বিগত ২০-০৩-২০২৫ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন প্রকার সংশোধনী থাকলে তা সভায় পেশ করার জন্য অনুরোধ করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও দৃঢ়ীকরণ করা হয়। | অনুমোদিত | সংশ্লিষ্ট সকল |
| ০২। | ০২নং আলোচ্যসূচি ঃ উপজেলা পরিষদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি সম্পর্কে আলোচনা- | | |
| ২(ক) | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভূঞাপুর সভায় জানান, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এবং এডিপির অর্থায়নে গৃহীত প্রকল্পের কাজ চলমান আছে। এছাড়া স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | -- | -- |
| ০৩। | ০৩ নং আলোচ্যসূচি ঃ বিভাগীয় কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা। | | |
| ৩(ক) | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, হাসপাতালে জনবল থাকা সত্ত্বেও হাসপাতালের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার চেষ্টা করা হচ্ছে। এছাড়া হাসপাতালে ডাক্তারেরও সংকট রয়েছে। তারপরও স্বল্প সংখ্যক ডাক্তার দিয়ে রোগীদের যথাযথ চিকিৎসা সেবা প্রদানের চেষ্টা করা হচ্ছে। তিনি আরও জানান, গরমের সময় বিদ্যুতের সমস্যা দেখা দেয়। ফলে গরমে রোগীদের অনেক কষ্ট হয় এবং লোডশেডিংয়ের কারণে পরীক্ষা নিরীক্ষা করা সম্ভব হয় না। তাই তিনি রোগীদের কল্যাণার্থে হাসপাতালে একটি জেনারেটর সরবরাহ করার প্রস্তাব করেন। পাশাপাশি তিনি হাসপাতালের পুরাতন ড্রেনগুলো সংস্কার এবং হাসপাতালে নতুন ড্রেন নির্মাণসহ হাসপাতালের ময়লা আবর্জনা অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এছাড়া হাসপাতালের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | হাসপাতালে আগত রোগীদের যথাযথ চিকিৎসা সেবা নিশ্চিত করাসহ হাসপাতালের পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(খ) | উপজেলা কৃষি অফিসার, ভূঞাপুর এর প্রতিনিধি সভায় জানান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মূল কাজ মাঠ পর্যায়ে আধুনিক কৃষি প্রযুক্তির সম্প্রসারণ নিশ্চিত করা। সে লক্ষ্যে মাঠ পর্যায়ের উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ নিয়মিতভাবে কৃষকদের পরামর্শ দিয়ে যাচ্ছেন। উপজেলায় সার ও বীজ মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, ভূঞাপুর |

চলমান পাতা-২

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(গ) | উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ঘ) | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ঙ) | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চঃ দাঃ), ভূঞাপুর সভায় জানান, তার প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভূঞাপুর |
| ৩(চ) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূঞাপুর |
| ৩(ছ) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূঞাপুর সভায় ইউপি চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করে টিআর, কাবিখার চলমান উন্নয়নমূলক কাজ আসন্ন বর্ষা মৌসুমের আগেই শেষ করার অনুরোধ জানান। এছাড়া দপ্তরের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(জ) | উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর এর প্রতিনিধি সভায় জানান, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সকল ভাতার ২০২৪-২৫ অর্থবছরের ৪র্থ কিস্তির পে-রোল ঈদ-উল-আযহার পূর্বেই প্রেরণ করা হবে। সকল ভাতাভোগীরা ঈদুল আযহার পূর্বেই তাদের ভাতার টাকা মোবাইল একাউন্ট "নগদ" এ পাবেন। ভাতাভোগীদের ভাতার টাকা তাদের মোবাইল একাউন্ট "নগদ" এ ঢোকার সময় একটা দুষ্টচক্র ভাতাভোগীদের ফোন দিয়ে ওটিপি গ্রহণ করে ভাতার টাকা হাতিয়ে নেয়ার চেষ্টা করে। এই ব্যাপারে ভাতাভোগীদের সচেতন করার জন্য জনপ্রতিনিধিদের অনুরোধ জানান। এছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক প্রক্রিয়ায় চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর |
| ৩(ঝ) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, **(১) ভিজিডি (ভিডব্লিউবি) কার্যক্রম ঃ** ২০২৫-২০২৬ ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) চক্রের অনলাইন সার্ভার আপাততঃ বন্ধ আছে এবং পরবর্তী নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলবে। **(২) মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচি ঃ** মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির সার্ভারের কার্যক্রম আপাততঃ বন্ধ আছে এবং পরবর্তী নির্দেশনা মোতাবেক কার্যক্রম চলবে। **(৩) কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প ঃ** মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত 'কিশোর-কিশোরী ক্লাব স্থাপন' প্রকল্পের আওতায় ভূঞাপুর উপজেলায় ৭টি ক্লাব রয়েছে। প্রতিটি ক্লাবের কিশোর কিশোরীদের নাস্তা চলমান আছে। এছাড়া অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূঞাপুর |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(ঞ) | উপজেলা সমবায় কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, উপজেলা সমবায় কার্যালয়ের ৯৭টি প্রাথমিক সমবায় সমিতি, কেন্দ্রীয় সমিতি রয়েছে ১টি, কেন্দ্রীয় বিআরডিবি সমবায় সমিতি রয়েছে ১টি এবং ১টি কাল্ববভুক্ত সমবায় সমিতি রয়েছে। সবগুলো সমিতির অডিট সম্পাদন হয়েছে। অডিট সম্পাদনের লভ্যাংশ রাজস্ব খাতে সমবায় উন্নয়ন তহবিল ও অডিট ফি ধার্য ও আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ট) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর এর প্রতিনিধি সভায় জানান, তার দপ্তরের বিভাগীয় দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ঠ) | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ড) | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূঞাপুর সভায় জানান, ২০২৪-২০২৫ অর্থবছরে ৭২টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপের তালিকা পাওয়া গেছে। তিনি সহায়ক চাঁদা জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূঞাপুর |
| ৩(ঢ) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ণ) | উপজেলা পরিসংখ্যান অফিসার (ভারপ্রাপ্ত), ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূঞাপুর |
| ৩(ত) | ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূঞাপুর |
| ৩(থ) | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তর ক্ষুধা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে দরিদ্র ও সুবিধাবঞ্চিত গ্রামীণ নারী-পুরুষদেরকে সংগঠিত করে নিয়মিত সঞ্চয় সংগ্রহের মাধ্যমে সদস্যদের পুঁজি গঠন, ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে তাদের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন, প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন, আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং নারীর ক্ষমতায়ন ও সক্ষমতা বৃদ্ধির জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এছাড়া তিনি সভায় তার দপ্তরের বিভিন্ন কর্মকাণ্ডের মার্চ/২০২৫ মাস পর্যন্ত কার্যক্রমের অগ্রগতি তুলে ধরেন। যা নিম্নরূপ: | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ভূঞাপুর |

চলমান পাতা-৪

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩(থ)</td><td>এছাড়া উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ভূঞাপুর সভায় তার দপ্তরের বিভিন্ন কর্মকাণ্ডের মার্চ/২০২৫ মাস পর্যন্ত কার্যক্রমের অগ্রগতি তুলে ধরেন। যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>লক্ষ্যিত বিষয়</th><th>২০২৪-২০২৫ অর্থবছরের অগ্রগতি</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>মোট সমিতির সংখ্যা</td><td>৯৪ টি</td><td></td></tr>
<tr><td>০২</td><td>মোট উপকারভোগীর সংখ্যা</td><td>৩৯১৬ জন</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>মোট ঋণ বিতরণের পরিমাণ</td><td>৪০০.৯৫</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>মোট ঋণ বিতরণের সংখ্যা</td><td>৬৫৬ জন</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>মোট ঋণ আদায়ের পরিমাণ</td><td>৪৬৯.৫৫</td><td></td></tr>
<tr><td>০৬</td><td>গড় ঋণ আদায়ের হার</td><td>৯২%</td><td></td></tr>
<tr><td>০৭</td><td>মোট পুঁজি (সঞ্চয়) গঠনের পরিমাণ (ক্রমপুঞ্জিত)</td><td>৬২৪.১৯</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>মোট মাঠে পাওনা ঋণের পরিমাণ</td><td>৪৪৮.২১</td><td></td></tr>
<tr><td>০৯</td><td>সঞ্চয় ও মাঠে পাওনা ঋণের অনুপাত</td><td>১৩৯ ঃ ১০০</td><td></td></tr>
</table></td><td>--</td><td>--</td></tr>
<tr><td>৩(দ)</td><td>নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর এর প্রতিনিধি সভায় জানান, চাহিদার তুলনায় বিদ্যুৎ সরবরাহ কম থাকায় লোডশেডিং দিতে হয়। তিনি আরও জানান, শনিবার অফিস আদালত বন্ধ থাকার কারণে লাইনের মেইনটেইনের কাজসহ গাছকাটার কাজ করা হয়। ফলে শনিবার বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখা হয়। এছাড়া বিদ্যুৎ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(ধ)</td><td>এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূঞাপুর সভায় জানান, পল্লী বিদ্যুতের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সেচ মৌসুমে অনেকে ভুয়া সেচ লাইসেন্স সংগ্রহ করে বিদ্যুৎ সংযোগ নেওয়ার চেষ্টা করেছিল। সেগুলো সঠিকভাবে যাছাই যাচাই করে বিদ্যুৎ সংযোগ দেওয়া হচ্ছে। এছাড়া জনগণ যাতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ পায় সে লক্ষ্য পল্লী বিদ্যুৎ বিভাগ কাজ করে যাচ্ছে।</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(ন)</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(প)</td><td>তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভূঞাপুর এর প্রতিনিধি সভায় জানান, এ প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে গ্রামীণ ও সুবিধাবঞ্চিত মহিলাদের তথ্য প্রযুক্তিতে প্রবেশাধিকার এবং তথ্য প্রযুক্তিভিত্তিক সেবা প্রদানের মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন। সে লক্ষ্যে ভূঞাপুর তথ্যকেন্দ্রে কর্মরত কর্মীরা তথ্য কেন্দ্র ও ডোর টু ডোর এর মাধ্যমে গ্রামীণ মহিলাদের তথ্য প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান করে যাচ্ছে। তথ্য কেন্দ্রের পাশাপাশি বাড়ী বাড়ী গিয়ে মহিলাদের বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্যসেবা যেমন- রক্তচাপ, ডায়াবেটিকস ও ওজন পরিমাপ করে দেওয়া হচ্ছে। এছাড়া মহিলা বিষয়ক অধিদপ্তরের ভিডব্লিউবি কার্যক্রমের অনলাইন আবেদন খুব শীঘ্রই চালু হবে। উক্ত কর্মসূচির মহিলাদের অনলাইন আবেদন তথ্য আপার অফিস থেকে বিনামূল্যে আবেদন করে দেওয়া হবে। বিষয়টি ইউনিয়নে বসবাসরত মহিলাদের অবহিত করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ সকলকে অনুরোধ জানান। এছাড়া দপ্তরের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(ফ)</td><td>গ্রাম আদালতের প্রতিনিধি, ভূঞাপুর সভায় জানান, অত্র উপজেলার ৬টি ইউনিয়নে গ্রাম আদালতের কার্যক্রম ভালোভাবে চলছে। অত্র উপজেলায় এ পর্যন্ত ১৮৭টি মামলার মধ্যে ১৫৪টি মামলা নিস্পত্তি হয়েছে। এছাড়া চলতি মাসে ১৯টি মামলার মধ্যে ২০টি মামলা নিস্পত্তি হয়েছে। তিনি গ্রাম আদালতের কার্যক্রম আরও গতিশীল করার জন্য সকল ইউপি চেয়ারম্যান ও প্যানেল চেয়ারম্যানদের অনুরোধ জানান।</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>গ্রাম আদালতের প্রতিনিধি, ভূঞাপুর</td></tr>
</table>

চলমান পাতা-৫

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৪। | ৪নং আলোচ্যসূচি ঃ বিবিধ | | |
| ৪(১) | প্যানেল চেয়ারম্যান-১, অর্জুনা ইউপি, ভূঞাপুর সভায় জানান, তার ইউনিয়নে টিআর, কাবিখার কাজ চলমান আছে। নির্ধারিত সময়ের মধ্যেই প্রকল্পের কাজ শেষ করার আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) অর্থায়নে তার ইউনিয়নে যে সকল উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়ন করার অনুরোধ জানান। | -- | -- |
| ৪(২) | প্যানেল চেয়ারম্যান-১, ফলদা ইউপি, ভূঞাপুর সভায় তার ইউনিয়নের কৃষকদের মাঝে পর্যাপ্ত কৃষি প্রণোদনা প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানান। এছাড়া উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভূঞাপুর এর দৃষ্টি আকর্ষণ করে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) অর্থায়নে তার ইউনিয়নে যে সকল উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়ন করার অনুরোধ জানান। | -- | -- |
| ৪(৩) | প্যানেল চেয়ারম্যান-১, অলোয়া ইউপি, ভূঞাপুর সভায় জানান, গ্রাম আদালতের কার্যক্রমসহ তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান, তার ইউনিয়নে টিআর, কাবিখার কাজ চলমান রয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করার জন্য ইউপি সদস্যদের নির্দেশনা দেওয়া হয়েছে। এছাড়া তিনি সভায় উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে এডিপির অর্থায়নে তার ইউনিয়নে যে সকল উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ করা হয়েছে সেগুলো দ্রুত বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | -- | -- |
| ৪(৪) | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর সভায় সকল বিভাগীয় কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করে সকল বিভাগীয় কর্মকর্তাদের জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় করে কাজ করার নির্দেশনা প্রদান করেন। পাশাপাশি তিনি সকলকে নিজ নিজ অফিস প্রাঙ্গণ পরিষ্কার পরিচ্ছন্ন রাখাসহ অফিসে অপ্রয়োজনীয় লাইট-ফ্যান বন্ধ রাখার নির্দেশনা প্রদান করেন যাতে করে বিদ্যুৎ সাশ্রয় হয়। তিনি সভায় আরও জানান, গত জুলাই/২০১৭ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ভূঞাপুর উপজেলা পরিষদের অর্থায়নে নির্মিত উপজেলা পরিষদ মার্কেটের ২৬টি দোকানের মধ্যে ১৯টি বিভিন্ন সময়ে দোকান বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত ১৯টি দোকানের মধ্যে গত জানুয়ারি/২৫ এবং ফেব্রুয়ারি/২৫ মাসে ৬নং, ৭নং, ৮নং, ৯নং, ১০নং, ১৪নং এবং ২১নং দোকানের ভাড়াটিয়াগণ তাদের অনুকূলে বরাদ্দকৃত দোকানসমূহ ছেড়ে দেওয়ায় পূর্বেরসহ বর্তমানে ১২টি দোকান ফাঁকা রয়েছে। তন্মধ্যে ৭নং, ১৩নং, ১৪নং, ২৩ নং এবং ২৭নং দোকানের বরাদ্দ নেয়ার জন্য যথাক্রমে জনাব অভিজিৎ কুমার গোপ, পিতা- কানাই লাল গোপ, গ্রাম- কষ্টাপাড়া, ভূঞাপুর, টাঙ্গাইল, জনাব মোঃ সোহেল রানা, পিতা- মোঃ সঞ্জাব আলী, গ্রাম- মাটিকাটা, ভূঞাপুর, টাঙ্গাইল, জনাব মোঃ জুলহাস উদ্দিন, পিতা- মোঃ সঞ্জাব আলী, গ্রাম- মাটিকাটা, ভূঞাপুর, টাঙ্গাইল, জনাব লতিফুল হক, পিতা- মৃত আজিজুল হক, গ্রাম- পশ্চিম ভূঞাপুর, ভূঞাপুর, টাঙ্গাইল এবং জনাব খঃ রাসেল, পিতা- মোঃ দেলোয়ার, গ্রাম- ঘাটান্দি, ভূঞাপুর, টাঙ্গাইল এর নিকট থেকে পৃথক পৃথক আবেদনপত্র পাওয়া গেছে। তাদের আবেদনের প্রেক্ষিতে আবেদনকৃত দোকানসমূহ বরাদ্দ প্রদানের নিমিত্ত দোকানের ভাড়া ও জানামতের টাকা নির্ধারণ পূর্বক দোকানসমূহ বরাদ্দ প্রদানের বিষয়ে সকলের মতামত আহ্বান করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে ৭নং, ১৩নং, ১৪নং এবং ২৩ নং দোকানসমূহ বরাদ্দ প্রদানের নিমিত্ত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা জামানত (ফেরতযোগ্য) এবং মাসিক ১,০০০/- (এক হাজার) টাকা দোকান ভাড়া নির্ধারণ পূর্বক জনাব অভিজিৎ কুমার গোপ, পিতা- কানাই লাল গোপ, গ্রাম- কষ্টাপাড়া, ভূঞাপুর, টাঙ্গাইল এর অনুকূলে ৭নং দোকান, জনাব মোঃ সোহেল রানা, পিতা- মোঃ সঞ্জাব আলী, গ্রাম- মাটিকাটা, ভূঞাপুর, টাঙ্গাইল এর অনুকূলে ১৩নং দোকান, জনাব মোঃ জুলহাস উদ্দিন, পিতা- মোঃ সঞ্জাব আলী, গ্রাম- মাটিকাটা, ভূঞাপুর, টাঙ্গাইল এর অনুকূলে ১৪নং এবং জনাব লতিফুল হক, পিতা- মৃত আজিজুল হক, গ্রাম- পশ্চিম ভূঞাপুর, ভূঞাপুর, টাঙ্গাইল এর অনুকূলে ২৩ নং দোকান বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। যা মে/২০২৫ মাস থেকে কার্যকর হবে। এছাড়া ২৭নং দোকানের জামানত প্রাপ্তি সাপেক্ষে জনাব খঃ রাসেল, পিতা- মোঃ দেলোয়ার, গ্রাম- ঘাটান্দি, ভূঞাপুর, টাঙ্গাইল এর অনুকূলে ২৭নং দোকান বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর |

চলমান পাতা-৬

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪(৫) | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর সভায় আরও জানান, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার গত ১৫-০২-২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.০১৬.২০১৯-১১৭ নং স্মারকে জারীকৃত উপজেলা পরিষদের কমিটির কার্যক্রম পরিচালনার নির্দেশনা/ গাইডলাইন মোতাবেক উপজেলা পরিষদ আইন ১৯৯৮ (পুনঃপ্রবর্তন আইন, ২০০৯ ও সংশোধিত আইন, ২০১১) এর ২৯(১) ধারার বিধান অনুযায়ী গত জুলাই/২০২৪ মাসের উপজেলা পরিষদের প্রথম সভায় উপজেলা পরিষদের কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটি গঠন করা হয়। কিন্তু জুলাই/২০২৪ গণঅভ্যুত্থানের পর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের অপসারণ করার ফলে কমিটির কার্যক্রম বন্ধ হয়ে যায়। তাই তিনি উপজেলা পরিষদের কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার স্বার্থে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটি পুনঃগঠনের জন্য সকলের মতামত আহ্বান করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার স্বার্থে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিতভাবে ১৭টি স্থায়ী কমিটি পুনঃগঠন করা হয় এবং কমিটিসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়। গঠিত ১৭টি স্থায়ী কমিটির কার্যক্রম নভেম্বর/২০২৪ মাস থেকে কার্যকর বলে গণ্য হবে। | সংশ্লিষ্ট সকল |

**উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি**

| ক্রমিক নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | প্যানেল চেয়ারম্যান-১, ফলদা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | প্যানেল চেয়ারম্যান-১, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, অর্জুনা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | অধ্যক্ষ, ইব্রাহীম খাঁ সরকারি কলেজ, ভূঞাপুর | সদস্য (কো-অপ্ট) | |
| ০৬ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, ভূঞাপুর | সদস্য সচিব | |

**উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি**

| ক্রমিক নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | প্যানেল চেয়ারম্যান-১, অর্জুনা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | প্যানেল চেয়ারম্যান-১, নিকরাইল ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, অলোয়া ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি | সদস্য সচিব | |

**উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি**

| ক্রমিক নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | প্যানেল চেয়ারম্যান-১, ফলদা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, গাবসারা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, অলোয়া ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | উপজেলা কৃষি অফিসার, ভূঞাপুর | সদস্য সচিব | |

**উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি**

| ক্রমিক নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | প্যানেল চেয়ারম্যান-১, অর্জুনা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, গাবসারা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, নিকরাইল ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূঞাপুর | সদস্য সচিব | |

চলমান পাতা-৭

**উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি**

| ক্রঃ নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | প্যানেল চেয়ারম্যান-১, ফলদা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | প্যানেল চেয়ারম্যান-১, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, নিকরাইল ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভূঞাপুর | সদস্য সচিব | |

**উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি**

| ক্রমিক নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | প্যানেল চেয়ারম্যান-১, ফলদা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | প্যানেল চেয়ারম্যান-১, অর্জুনা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, অলোয়া ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর | সদস্য সচিব | |

**উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি**

| ক্রমিক নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | প্যানেল চেয়ারম্যান-১, ফলদা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | প্যানেল চেয়ারম্যান-১, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, অলোয়া ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, ভূঞাপুর | সদস্য সচিব | |

**উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি**

| ক্রঃ নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | প্যানেল চেয়ারম্যান-১, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | প্যানেল চেয়ারম্যান-১, নিকরাইল ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, অলোয়া ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূঞাপুর | সদস্য সচিব | |

**উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি**

| ক্রমিক নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | প্যানেল চেয়ারম্যান-১, অর্জুনা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | প্যানেল চেয়ারম্যান-১, নিকরাইল ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, অলোয়া ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর | সদস্য সচিব | |

**উপজেলা মুক্তিযোদ্ধা বিষয়ক স্থায়ী কমিটি**

| ক্রমিক নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | প্যানেল চেয়ারম্যান-১, ফলদা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | প্যানেল চেয়ারম্যান-১, অর্জুনা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, অলোয়া ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর | সদস্য সচিব | |

চলমান পাতা-৮

**উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি**

| ক্রমিক নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | প্যানেল চেয়ারম্যান-১, ফলদা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | চেয়ারম্যান, গাবসারা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, অলোয়া ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূঞাপুর | সদস্য সচিব | |

**উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক স্থায়ী কমিটি**

| ক্রঃ নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | প্যানেল চেয়ারম্যান-১, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | প্যানেল চেয়ারম্যান-১, নিকরাইল ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, অলোয়া ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর | সদস্য সচিব | |

**উপজেলা সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি**

| ক্রমিক নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | প্যানেল চেয়ারম্যান-১, ফলদা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | প্যানেল চেয়ারম্যান-১, অর্জুনা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, নিকরাইল ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর | সদস্য সচিব | |

**উপজেলা পরিবেশ ও বন বিষয়ক স্থায়ী কমিটি**

| ক্রঃ নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | প্যানেল চেয়ারম্যান-১, অর্জুনা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | প্যানেল চেয়ারম্যান-১, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, অলোয়া ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | উপজেলা বন কর্মকর্তা, ভূঞাপুর | সদস্য সচিব | |

**উপজেলা বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি**

| ক্রঃ নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | চেয়ারম্যান, গাবসারা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | প্যানেল চেয়ারম্যান-১, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, অলোয়া ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূঞাপুর | সদস্য সচিব | |

**উপজেলা অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ বিষয়ক স্থায়ী কমিটি**

| ক্রমিক নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | প্যানেল চেয়ারম্যান-১, ফলদা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | প্যানেল চেয়ারম্যান-১, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, অর্জুনা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভূঞাপুর | সদস্য সচিব | |

চলমান পাতা-৯

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি

| ক্রঃ নং | সদস্যের নাম ও পদবী | পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর | সভাপতি | |
| ০২ | চেয়ারম্যান, গাবসারা ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৩ | প্যানেল চেয়ারম্যান-১, নিকরাইল ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৪ | প্যানেল চেয়ারম্যান-১, অলোয়া ইউপি, ভূঞাপুর | সদস্য | |
| ০৫ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূঞাপুর | সদস্য সচিব | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪(৬) | সভাপতি সভায় দীর্ঘক্ষণ প্রাণবন্ত আলোচনা ও সভায় উপস্থিত থেকে সুচিন্তিত মতামত প্রদান করায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সকলকে আরও আন্তরিকতার সাথে কাজ করে জনগণের দৌড়গড়ায় সেবা পৌছে দেওয়ার অনুরোধ জানান। তিনি সভায় উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে ২০২৪-২৫ অর্থবছরে এডিপি, টিআর, কাবিখার অর্থায়নে বিভিন্ন ইউনিয়নে যে সকল প্রকল্প গ্রহণ করা হয়েছে সেগুলোর কাজ নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে বাস্তবায়ন করার পরামর্শ প্রদান করেন। পরিশেষে তিনি সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সকলে মিলেমিলে একসাথে কাজ করার আহ্বান জানান। | – | – |

অতঃপর সভায় দীর্ঘক্ষণ প্রাণবন্ত আলোচনা হওয়ায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৪/২০২৫

(মোছাঃ পপি খাতুন)
প্রশাসক
উপজেলা পরিষদ, ভূঞাপুর
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
ভূঞাপুর, টাঙ্গাইল

স্মারক নং- ০৫.৩০.৯৩১৯.০০০.০৫৫১.২০১৩-৩৪০(৪০)

তারিখ ঃ ৩০/০৪/২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৩. প্রশাসক, উপজেলা পরিষদ, ভূঞাপুর, টাঙ্গাইল।
৪. প্রশাসক, ভূঞাপুর পৌরসভা, ভূঞাপুর, টাঙ্গাইল।
৫. উপজেলা ---------------------------------------- কর্মকর্তা, ভূঞাপুর, টাঙ্গাইল।
৬. চেয়ারম্যান, --------------------------- ইউপি (সকল), ভূঞাপুর, টাঙ্গাইল।
৭. জনাব ---------------------------------------------, ভূঞাপুর, টাঙ্গাইল।
৮. অফিস নথি।

৩০/০৪/২০২৫

(মোঃ পপি খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
ভূঞাপুর, টাঙ্গাইল

পরিশিষ্ট-"ক"

২৯-০৪-২০২৫ খ্রি. তারিখ বেলা ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ভূঞাপুর উপজেলা পরিষদের মাসিক সভায়
উপস্থিত ও অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাদের তালিকা ঃ

উপস্থিত সদস্য/ কর্মকর্তাবৃন্দ/ আমন্ত্রিত সদস্য/ অতিথি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ১। | জনাব মোঃ দেলোয়ার হোসাইন (দেলসাদ), প্যানেল চেয়ারম্যান-১, অর্জুনা ইউপি, ভূঞাপুর। |
| ২। | জনাব মোঃ আবু সাঈদ (স্বপন), প্যানেল চেয়ারম্যান-১, ফলদা ইউপি, ভূঞাপুর। |
| ৩। | জনাব মোঃ মহির উদ্দিন, প্যানেল চেয়ারম্যান-১, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর। |
| ৪। | জনাব মোঃ শফিকুল ইসলাম, প্যানেল চেয়ারম্যান-১, অলোয়া ইউপি, ভূঞাপুর। |
| | কর্মকর্তাবৃন্দ |
| ১। | জনাব মোঃ পপি খাতুন, উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর। |
| ২। | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর (আমন্ত্রিত) এর প্রতিনিধি। |
| ৩। | ডাঃ মোহাম্মদ আব্দুস সোবহান, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৪। | জনাব মোঃ মোখলেছুর রহমান, উপজেলা কৃষি অফিসার, ভূঞাপুর এর প্রতিনিধি। |
| ৫। | জনাব মোঃ আমিনুল ইসলাম, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভূঞাপুর। |
| ৬। | জনাব মোছাঃ আকতার বানু, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চঃ দাঃ), ভূঞাপুর। |
| ৭। | জনাব নাজমুল হাসান, উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর এর প্রতিনিধি। |
| ৮। | জনাব মোঃ সাখাওয়াত হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৯। | জনাব মোঃ আমিনুল ইসলাম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর এর প্রতিনিধি। |
| ১০। | জনাব মোহাম্মদ জাকির হোসেন, উপজেলা সমবায় কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১১। | জনাব আমিনা বেগম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১২। | জনাব আব্দুল্লাহ আল মামুন, সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূঞাপুর। |
| ১৩। | জনাব মোঃ শরীফ হোসেন, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১৪। | জনাব মোঃ মোফাজ্জল হোসেন, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১৫। | জনাব রানা আহম্মেদ, এজিএম, পল্লী বিদ্যুত সমিতি, ভূঞাপুর। |
| ১৬। | জনাব জলি রানী দাস, তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভূঞাপুর, টাঙ্গাইল এর প্রতিনিধি। |
| ১৭। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ভূঞাপুর, টাঙ্গাইল। |

অনুপস্থিত সদস্য

| | |
|---|---|
| ১। | জনাব মোঃ তারিকুল ইসলাম, প্রশাসক, ভূঞাপুর পৌরসভা, টাঙ্গাইল। |
| ২। | জনাব মোছাঃ রিমা আক্তার, উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৩। | ডাঃ স্বপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৪। | জনাব তাহমিনা তাবাসসুম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৫। | জনাব মোঃ মনিরুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৬। | জনাব সঞ্জয় দাস, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৭। | জনাব মোঃ রায়হানুল ইসলাম, উপজেলা পরিসংখ্যান অফিসার (ভারপ্রাপ্ত), ভূঞাপুর। |
| ৮। | জনাব মোঃ হারুন-অর-রশীদ, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূঞাপুর। |
| ৯। | জনাব মোঃ শাহ আলম শাপলা, চেয়ারম্যান, গাবসারা ইউপি, ভূঞাপুর। |
| ১০। | জনাব রাশেদুল ইসলাম ফকির, প্যানেল চেয়ারম্যান-১, নিকরাইল ইউপি, ভূঞাপুর। |
| ১১। | উপজেলা বন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১২। | সংরক্ষিত আসনের মহিলা সদস্য-১, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ১৩। | সংরক্ষিত আসনের মহিলা সদস্য-২, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |